রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ২১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পররাষ্ট্র মন্ত্রণালয়**

**জাতিসংঘ অনুবিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ/০১ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **১৯.০০.০০০০.২০৪.৩৯.৫৫৮.২৪/৩০১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতিসংঘের মানবাধিকার সংক্রান্ত প্রাসঙ্গিক মনিটরিং ও রিপোর্টিং প্রক্রিয়াসমূহের আওতায় বাংলাদেশ প্রসঙ্গে গৃহীত/প্রদত্ত সুপারিশমালার বাস্তবায়ন, রিপোর্টিং এবং ফলো-আপের নিমিত্ত 'জাতিসংঘ মানবাধিকার প্রক্রিয়াসমূহের সুপারিশমালার বাস্তবায়ন, রির্পোটিং এবং ফলো-আপ সংক্রান্ত জাতীয় ট্রাস্কফোর্স' নিম্নরূপে গঠন করেছে :

টাস্কফোর্সের মাননীয় উপদেষ্টাবৃন্দ :

(১) মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(২) মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৩) মাননীয় পররাষ্ট্র মন্ত্রী

টাস্কফোর্সের গঠন :

| | | |
|---|---|---|
| (১) | পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব) | - সভাপতি |
| (২) | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (৩) | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |

| | | |
|---|---|---|
| (৪) | প্রতিনিধি, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (৫) | প্রতিনিধি, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (৬) | প্রতিনিধি, লেজিসলেটিভ এবং সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (৭) | প্রতিনিধি, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (৮) | প্রতিনিধি, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (৯) | প্রতিনিধি, সমাজ কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (১০) | প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (১১) | প্রতিনিধি, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (১২) | প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (১৩) | প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (১৪) | প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (১৫) | প্রতিনিধি, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবিার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (১৬) | প্রতিনিধি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | - সদস্য |
| (১৭) | মহাপরিচালক, জাতিসংঘ-মানবাধিকার অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য-সচিব |

টাস্কফোর্সের কার্যপরিধি :

ক. টাস্কফোর্স মাননীয় উপদেষ্টাবৃন্দের পরামর্শক্রমে মানবাধিকার সংক্রান্ত আন্তর্জাতিক সনদসমূহ ও মেকানিজমের পক্ষভুক্ত রাষ্ট্র হিসেবে মানবাধিকার সংক্রান্ত বিভিন্ন প্রক্রিয়ায় বাংলাদেশ সম্পর্কিত নিম্নলিখিত কার্যক্রমের প্রয়োজনীয় সমন্বয় পরিবীক্ষণ করবেন :

i Universal Periodic Review (UPR), আন্তর্জাতিক মানবাধিকার সনদসমূহের আওতায় গঠিত বিশেষজ্ঞ কমিটিসমূহ এবং জাতিসংঘের Special Procedure Mandate Holders কর্তৃক প্রেরিত সুপারিশমালা বাস্তবায়ন, জবাব প্রদান ও তৎসংক্রান্ত ফলো-আপ;

ii মানবাধিকার সংক্রান্ত আন্তর্জাতিক প্রক্রিয়াসমূহে উপস্থাপনের জন্য বাংলাদেশের প্রতিবেদন (Periodic Report) প্রস্তুত ও দাখিলকরণের অগ্রগতি পর্যালোচনা; এবং

iii আন্তর্জাতিক মানবাধিকার প্রক্রিয়াসমূহের সুপারিশ বাস্তবায়ন, ফলো-আপ ও প্রতিবেদন প্রস্তুতকরণ প্রক্রিয়ায় জাতিসংঘের বিভিন্ন সংস্থা, জাতীয় মানবাধিকার কমিশন এবং সংশ্লিষ্ট অংশীজনদের প্রয়োজন অনুসারে পর্যালোচনার উদ্যোগ গ্রহণ।

খ. টাস্কফোর্স প্রতিবছর কমপক্ষে চারটি সভায় মিলিত হবেন। তবে, সভাপতি প্রয়োজনবোধে জরুরি সভা আহবান করতে পারবেন।

গ. টাস্কফোর্স প্রয়োজনবোধে সংখ্যাগরিষ্ঠ সদস্যের সম্মতিক্রমে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবেন।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাসুদ বিন মোমেন**
পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd